
২৪/৭/২০০৩

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক [illegible]



*ইনকিলাব ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে পুলিশ ক্যাম্প (বামে), সূর্যসেন হলের পাশে ছাত্রলীগের 'পাহারা মঞ্চ' (ডানে)*

# ঢাঃ বিঃ ক্যাম্পাস পুলিশের ছত্রছায়ায় ছাত্রলীগের দুর্ভেদ্য দুর্গ

**স্টাফ রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে আওয়ামী ছাত্রলীগের জন্য দুর্ভেদ্য দুর্গে পরিণত করা হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং পুলিশের সহযোগিতায় তৈরী হয়েছে এই দুর্গ। একই সাথে ছাত্রলীগের অস্ত্রধারী ক্যাডাররা মহড়া দিচ্ছে যাতে ছাত্রদলের নেতা-কর্মীরা ক্যাম্পাসে ঢুকতে না পারে। পাহারা দেয়ার জন্য তৈরী করা হয়েছে 'পাহারা মঞ্চ'। ক্যাম্পাসে জড়ো করা হয়েছে অস্ত্রধারী সন্ত্রাসীদের।

বেশ কিছুদিন যাবত ছাত্রলীগ ক্যাডাররা ক্যাম্পাসের প্রতিটি হলে সশস্ত্র অবস্থানে রয়েছে। গতকাল (শুক্রবার) রাতে ছাত্রদলের নেতা-কর্মীরা হলে প্রবেশ করতে পারে এই আশঙ্কায় প্রশাসন এবং দলীয় দিক থেকে ক্যাম্পাসে মহড়া ব্যবস্থা জোরদার করা হয়েছে। পুলিশ মহড়া দিচ্ছে বৈধ অস্ত্র নিয়ে আর ছাত্রলীগ ক্যাডারদের হাতে রয়েছে অবৈধ অস্ত্র। প্রতিটি হল এবং

৩-এর পৃঃ ১-এর কঃ দেখুন

## ঢাঃ বিঃ ক্যাম্পাস ছাত্রলীগের দুর্ভেদ্য দুর্গে পরিণত

প্রথম পৃষ্ঠার পর

ক্যাম্পাসে এতো পুলিশ মোতায়েন করা হয়েছে যে, যে কেউ দেখলে মনে করবেন ঢাকা বিশ্ববিদ্যালয় হচ্ছে পুলিশের ক্যাম্পাস।

উল্লেখ্য, ক্যাম্পাস ও এর পার্শ্ববর্তী এলাকায় ৬ শতাধিক পুলিশ মোতায়েন রয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে। এদিকে, কাঁটাবন, শাহবাগ, দোয়েল চত্বর, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, নীলক্ষেত ও পলাশী এলাকায় বেশ কয়েকটি চেকপোস্ট বসানো হয়েছে। এসব চেকপোস্টে সার্বক্ষণিক পুলিশ মোতায়েন রয়েছে।

গত বৃহস্পতিবার রাত থেকে ক্যাম্পাসে ঢোকার ব্যাপারে কড়াকড়ি আরোপ করা হয়েছে। ঐ রাতে ক্যাম্পাসে কেউ ঢুকলে তাকে চেক করে ঢুকানো হয়েছে। কাউকে সন্দেহ হলে তাকে ক্যাম্পাসে ঢুকতে দেয়া হয়নি। কিন্তু গত সন্ধ্যা থেকে ক্যাম্পাসের আশপাশের সকল রাস্তা বন্ধ করে দেয়া হয় বলে ক্যাম্পাস সূত্রে জানা যায়। সন্ধ্যার পর থেকে বাইরের কোন গাড়ী ক্যাম্পাসে ঢুকতে দেয়া হয়নি।

এদিকে ক্যাম্পাসের দক্ষিণপাড়ার হলগুলোর চেয়ে উত্তরপাড়ার হলগুলোতে ছাত্রলীগ ক্যাডাররা বেশী সতর্ক অবস্থানে রয়েছে। উত্তরপাড়াতে পুলিশকেও বেশী সতর্ক অবস্থায় রাখা হয়েছে। ক্যাম্পাসের মল চত্বরে পুলিশ তাঁবু ফেলে ক্যাম্প তৈরী করেছে। এর সামান্য দূরে সূর্যসেন হলের পাশে তৈরী করা হয়েছে ছাত্রলীগের 'পাহারা মঞ্চ'। এই মঞ্চে প্রতিরাতে ৯টার পর ছাত্রলীগ ক্যাডাররা মিলিত হবে এবং সেখানে নানারকম অনুষ্ঠান চলবে। ছাত্রলীগের এক ক্যাডার বলেছেন, এই মঞ্চ তৈরীর মূল লক্ষ্য হচ্ছে উত্তরপাড়ার সূর্যসেন, জসীমউদ্দীন, জিয়া ও মুজিব হল পাহারা দেয়া। অনুষ্ঠানের নামে এখানে ছাত্রলীগ ক্যাডাররা সংঘবদ্ধ অবস্থায় থাকবে এবং ছাত্রদল রাতের বেলা ক্যাম্পাসে ঢুকতে চাইলে তাদেরকে প্রতিহত করা হবে। এদিকে হলে ঢোকার ব্যাপারেও কড়াকড়ি আরোপ করেছে। সকল ছাত্রকে সন্ধ্যা ৭টার মধ্যে হলে ঢোকার জন্য এসএম হলের গেটে নোটিশ লাগিয়ে দেয়া হয়েছে। অন্যান্য হল গেটেও সশস্ত্র প্রহরায় রাখা হয়েছে ছাত্রলীগ ক্যাডারদেরকে। অপরিচিত কাউকে হলে ঢুকতে দেয়া হচ্ছে না। এতে আবাসিক ছাত্রদের সাথে দেখা করতে এসে গতকাল অনেক ছাত্রের আত্মীয়-স্বজন বিড়ম্বনার মধ্যে পড়েছেন।